



ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ

The Institution of Engineers, Bangladesh

KHULNA CENTRE


স্মারক নং-আইইবিখুলনা/কেডিএএল/২০২০/২১(৫০০)

তারিখঃ-১৮/০২/২০২০ ইং।

“বিজ্ঞপ্তি”

সুধী প্রকৌশলী,

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি) খুলনা কেন্দ্রের প্রকৌশলীদের দীর্ঘদিনের প্রত্যাশিত খুলনা শহরের প্রাণ কেন্দ্রে আধুনিক দৃষ্টিনন্দন ভবন নির্মাণের লক্ষ্যে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) এর এম এ বারী সড়ক পার্শ্বস্থ বাণিজ্যিক-কাম-আবাসিক এলাকায় ১৬.৩২ কাঠা বিশিষ্ট ২৩৫ নং প্লটটি ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি) খুলনা কেন্দ্রের জন্য পুনঃবরাদ্দ নিয়ে গত ১৫ জানুয়ারী ২০২০ ইং তারিখে আইইবি খুলনা কেন্দ্রের মাননীয় চেয়ারম্যান প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন, সম্মানী সম্পাদক প্রফেসর ড. প্রকৌশলী সোবহান মিয়া ও কেন্দ্রীয় কাউন্সিল সদস্য প্রকৌশলী মোঃ আব্দুল্লাহ পাইঞ্জ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) এর চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল মুকিম সরকার, পিবিজিএম, এনডিসি, পিএসসি এর হাতে সর্বশেষ চেক হস্তান্তরের মাধ্যমে সুদাসলসহ প্লটটির সম্পূর্ণ বকেয়া টাকা পরিশোধ করা হয়েছে। গত ১৭ ফেব্রুয়ারী ২০২০ ইং তারিখে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) উল্লেখিত প্লটটি আইইবি খুলনা কেন্দ্রের নেতৃত্বের নিকট হস্তান্তর করেন। আগামী ২৪ ফেব্রুয়ারী-২০২০ ইং তারিখে আইইবি'র প্রেসিডেন্ট প্রকৌশলী মোঃ আবদুস সবুর, সম্মানী সাধারণ সম্পাদক প্রকৌশলী খন্দকার মনজুর মোর্শেদ সহ অন্যান্য নেতৃত্ব ও স্থানীয় নেতৃত্বের উপস্থিতিতে উক্ত জমির রেজিস্ট্রী কাজ সম্পন্ন হবে। এ উপলক্ষ্যে আগামী ২৪ ফেব্রুয়ারী ২০২০ ইং তারিখ সোমবার দুপুর ১-০০ টায় খালিশপুরস্থ আইইবি চত্বরে প্রকৌশলীদের সমাবেশ ও আনন্দ উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে খুলনা কেন্দ্রের সকল প্রকৌশলীর উপস্থিতি একান্ত ভাবে কাম্য।


২৫.০২.২০২০
প্রফেসর ড. প্রকৌশলী সোবহান মিয়া, এফ-১১১৪৮
সম্মানী সম্পাদক
আইইবি খুলনা কেন্দ্র
মোবাইল: ০১৭১১-৯৫১৪০০।
Email-smia@me.kuet.ac.bd
Email-iebkbulna@gmail.com

স্মারক নং-আইইবিখুলনা/কেডিএএল/২০২০/২১(৫০০)

তারিখঃ- ১৮/০২/২০২০ ইং।

- ১। প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ, সদর দপ্তর, রমনা, ঢাকা - ১০০০।
- ২। ভাইস-প্রেসিডেন্ট (অর্থ ও প্রসাশন), ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ, সদর দপ্তর, রমনা, ঢাকা - ১০০০।
- ৩। সম্মানী সাধারণ সম্পাদক, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ, সদর দপ্তর, রমনা, ঢাকা - ১০০০।
- ৪। সকল সদস্য, আইইবি খুলনা কেন্দ্র, খুলনা।